দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 22 NOV 1988
পৃষ্ঠা ৮ কলাম ৮

69

038

# চট্টগ্রাম ভার্সিটিতে সেমিনার

চট্টগ্রাম ভার্সিটির এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে, গত ১৫ নভেম্বর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক গবেষণা পরিষদের উদ্যোগে "বাংলাদেশে উচ্চতর গবেষণা—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রেক্ষিতে" শীর্ষক দ্বিবার্ষিক সেমিনার অনুষ্ঠিত হয়।

এ সেমিনার উদ্বোধন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভিসি প্রফেসর আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন। এ অনুষ্ঠানে বিপুল সংখ্যক শিক্ষক, শিক্ষিকা ও ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-ভিসি প্রফেসর আলী ইমদাদ খান এবং সাবেক ভিসি প্রফেসর আবদুল আজিজ খান। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষক গবেষণা পরিষদের সভাপতি অধ্যাপক ইমরান হোসেন। পবিত্র কোরান তেলাওয়াতের মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়। কোরান তেলাওয়াত করেন মাওলানা আবু বকর সিদ্দিক উল্লা। এরপর স্বাগত ভাষণ দেন সেমিনার প্রস্তুতি ও অভ্যর্থনা কমিটির আহবায়ক অধ্যাপক মোহাম্মদ বদিউর রহমান। তিনি তাঁর বক্তৃতায় দেশে আকস্মিক ও মারাত্মক বন্যার পরিস্থিতির উদ্ভব হয় সেমিনার আয়োজনের অগ্রগতি কিছুটা শ্লথ হয়েছে বলে দুঃখ প্রকাশ করেন। গবেষণা পরিষদের প্রতিবেদন পেশ করেন পরিষদের সাধারণ সম্পাদক মোঃ আলী আজাদী। বিশেষ অতিথি উপ-ভিসি তাঁর ভাষণে গবেষণার সুষ্ঠ পরিবেশের উপর গুরুত্বারোপ করেন। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, আমাদের দেশে সীমিত সম্পদের সুষ্ঠু ব্যবহার যেন গবেষকরা করেন। সাবেক ভিসি প্রফেসর আবদুল আজিজ খান জ্ঞানের অন্বেষায় যুক্তরাজ্যের অক্সফোর্ড ও কেমব্রীজ বিশ্ববিদ্যালয়ের যে অবদান তা স্মরণ করেন। তিনি আরো বলেন যে, উচ্চ শিক্ষার গবেষণা ছাড়া অসম্ভব।